

অনেকেরই জিজ্ঞাসা থাকে কিভাবে অ্যাফিলিয়েট করে আয় করবো। তাদের জন্য গাইডলাইন, আশা করি এই গাইডলাইন ফলো করে সহজেই আয় শুরু করতে পারেন-

১. অ্যাফিলিয়েট করার জন্য প্রথমে পণ্য নির্বাচন করুন।

২. কোন কিছু কেনার পূর্বে প্রতিটি ক্রেতাই তার কাঙ্ক্ষিত পণ্যের একটা ধারণা চান, যদি পূর্বধারণা থাকে তাহলে কোন জায়গা থেকে কিনবে তার ধারণা চান। একজন অ্যাফিলিয়েট মার্কেটারের কাজ হবে ক্রেতাকে পণ্য সম্পর্কে ধারণা দেয়া অথবা যেখান থেকে সহজেই আস্থার সাথে ক্রয় করতে পারবে সেই খোজ দেয়া।

তাই, পণ্য সিলেকশনের পরের ধাপটি হচ্ছে পণ্যের কন্টেন্ট প্রস্তুত করা। কন্টেন্ট হতে পারে পণ্যের উল্লেখযোগ্য কিছু অংশ নিজের মত সাজিয়ে নেয়া (যেমন: ই-বানিজ্য পণ্যের লুক ইনসাইড সেটাকে নিজের মত গুছিয়ে নিতে পারেন।

৩. ই-বানিজ্য অ্যাফিলিয়েট প্যানেল থেকে পণ্যের লিংক কপি করা।

৪. সোশ্যাল মিডিয়ায় (সেটা হতে পারে আপনার ফেসবুক প্রোফাইল, বিভিন্ন গ্রুপ, পেইজ ইত্যাদি) সেই কন্টেন্টের সাথে পণ্যের অ্যাফিলিয়েট লিংকটি শেয়ার করা। কিংবা যিনি পণ্যটি খুঁজছেন তাকে লিংকটি শেয়ার করা।

৫. এই টিপসটি তাদের জন্য যাদের ফেসবুকে পেইজ আছে (পেইজ না থাকলে খুলে নিতে পারেন), আপনার পেইজে আগামী ৭ দিনের পোস্ট শিডিউল করে নিতে পারেন। ধরেন আপনি আগামী ৭ দিনে সর্বমোট ২০ টি পণ্যের পোস্ট দিতে চান, উপরের সব ধাপ ফলো করেন পোস্টগুলো রেডি করে শিডিউল করে রাখুন। ফলে একট্রা কোন প্রেসার নিতে হবে না।

এই টিপস ফলো করলে ৭ দিনের কাজ ২ ঘন্টারও কম সময়ে করে ফেলতে পারেন।

এর বাইরে কোন পরামর্শ কিংবা জিজ্ঞাসা থাকলে কमेंটে জানানোর অনুরোধ রইলো। তাহলে আপনি কিভাবে শুরু করার প্ল্যান করছেন?